R N. No. 2532/57

Regd No. WB/MSD--4

টেলিফোন : ৩৪-১৫৫৭
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
২৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৫ই কার্ত্তিক বুধবার, ১৩৮৭ সাল
২২শে অক্টোবর ১৯৮০ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## প্যানেল নিয়ে ফ্রন্ট ও স্বদলে কোন্দল

নিজস্ব সংবাদদাতা : জেলা স্কুল বোর্ডের পর জঙ্গিপুর পৌরসভায় শিক্ষক পদের চূড়ান্ত তালিকা সম্পূর্ণ হয়েছে। কয়েকদিনের মধ্যেই তা ঘোষণা করা হবে। দীর্ঘদিন ধরে আলাপ আলোচনার পর জেলা সি পি এম নেতাদের সঙ্গে গোপন পরামর্শক্রমে এই তালিকা প্রস্তুত করা হয়েছে বলে জানা গেছে। কারণ পৌরসভায় মনোনীত চৌদ্দ সদস্যের মধ্যে তের জনই সি পি এমের। শিক্ষক পদের ঐ চূড়ান্ত তালিকায় প্রায় সতের জনের নাম রয়েছে। এর মধ্যে পনের জনই সি পি এমের কর্মী ও নেতা। জানা গেছে এই তালিকার হেরফের ঘটতে পারে। কারণ শূন্য পদের চেয়ে চাকরি প্রার্থীর সংখ্যা বৃদ্ধি। পৌরসভার মৌখিক পরীক্ষা নেওয়া হয়েছে কয়েক মাস আগে। এতদিন স্কুল বোর্ডের তালিকার জন্য সি পি এম নেতারা অপেক্ষা করছিলেন। ঐ তালিকায় সি পি এমের জঙ্গিপুর লোকাল কমিটির সম্পাদক ও পৌর-সভাপতি মৃগাংক ভট্টাচার্য, পৌর সদস্য মন্টু হালদার, অরুণ মুখার্জিসহ অনেক নেতা ও কর্মী চাকরি পেয়ে গেছেন। পৌরসভার চাকরি তালিকা থেকে এঁদের কারো কারো নাম বাদ দেওয়া হয়েছে। এদিকে এই সব চাকরি পাওয়া নিয়ে আর এস পি ও ফঃ ব্লকের সঙ্গে সি পি এমের মন কষাকষি চলছে। স্কুল বোর্ডের শিক্ষক তালিকায় ছোট দুই শরিকের তেমন কেউ চাকরি পাননি। সবই প্রায় সি পি এমের নেতারা নিয়ে নিয়েছেন। আর এস পির নেতারা তাই প্রধান, সভাপতি ও দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছেন তাঁরা যেন চাকরি প্রাপকদের সঙ্গে কোনরকম সহযোগিতা না করেন। এমন কি সি পি এম নেতাদের সঙ্গে কোনরকম রাজনৈতিক বোঝাপড়া না করারও নির্দেশ দেওয়া হয়েছে। স্কুল বোর্ড যাঁদের নিয়োগ পত্র দিয়েছেন তাঁরা অনেকেই গ্রামবাসীদের বাধাদানে স্কুলে ঢুকতে পারছেন না। অনেক ক্ষেত্রে স্কুলের কোন অস্তিত্বই নেই। আবার নেতারা সব চাকরি নেওয়ায় সি পি এমের কর্মী মহলেও অসন্তোষ দেখা দিয়েছে। অনেকেই নেতাদের বিরুদ্ধে মুখ খুলছেন। একজন পুরোনো সি পি এম কর্মী অবশ্য এ ব্যাপারটিকে গুরুত্ব দেননি। খোলাখুলিভাবে তিনি বলেছেন, সমবায় ও স্বাস্থ্য দপ্তরে ফঃ ব্লক এবং আর এস পি কর্মীরা ঢালাওভাবে চাকরি নিচ্ছেন তখন কোনো কথা উঠছে না। অথচ সি পি এমের কর্মীরা চাকরি পেলেই তাঁরা সোরগোল তুলছেন। এ সহ্য করলে দল চলতে পারে না। মুর্শিদাবাদ জেলার সি পি এম নেতাদের কঠোর নির্দেশ : আধা সরকারী সমস্ত প্রতিষ্ঠান যথা স্কুল বোর্ড, পৌরসভা প্রভৃতিতে সমস্ত দলের কর্মীদের ঢোকাতে হবে যাতে ক্ষমতাচ্যুত হলেও তাঁদের কর্মীরা রাজনীতি করতে গিয়ে আর্থিক দৈন্যের মধ্যে না পড়েন। এই একটি ব্যাপারে সব দলকে একই নীতি অবলম্বন করতে দেখা যায়। ঐ নির্দেশ অনুযায়ী এই পৌর এলাকায় ওয়াটার সাপ্লাই প্রকল্পে প্রায় চল্লিশ জন সি পি এম কর্মী জঙ্গিপুর পৌরসভায় চাকরি পাবেন —এটাও চূড়ান্ত হয়েছে। দলের কর্মীদের মধ্যে এখনও যাঁরা চাকরি পাননি, স্থানীয় নেতৃত্ব তাঁদের পরের কোটায় চাকরি দেবার আশ্বাস দিয়েছেন। বহু কর্মী কিন্তু তাতেও ভরসা রাখতে পারছেন না। তাঁদের অনেকেই সি পি এম অফিস কাদা করে দিচ্ছেন।

## বড়শিমূলে আবার গণ্ডগোল, গ্রেফতার ৬৯

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির বড়শিমূল-দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতে পূজোর মধ্যে আবার গণ্ডগোল বাধে। বিবদমান দুই গোষ্ঠী সি পি এম ও কংগ্রেস (ই) দলের সমর্থকদের মধ্যে প্রথম সংঘর্ষ বাধে ১৯ অকটোবর। হুদরাপুর ও বড়শিমূলে যাতায়াত নিয়ে পরস্পরবিরোধী অভিযোগকে কেন্দ্র করে দুই দলের মধ্যে ওই দিন সংঘর্ষ বাধে। গ্রেফতার করা হয় ৩৭ জনকে। পুলিশের সামনেই ওই সংঘর্ষ বাধে এবং পুলিশকে লক্ষ্য করে ইট-পাটকেল ও তীর নিক্ষেপ করা হয় বলে পুলিশী সূত্রে জানা যায়। ঘটনার পর একটি পুলিশ ক্যাম্প বসানো হয়। ২১ অকটোবর দ্বিতীয় দফায় সংঘর্ষ বাধলে ৩২ জনকে গ্রেফতার করা হয়। দুটি ঘটনায় ৮ জন আহত হয়েছেন বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

## রেললাইন অবরোধ

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর রোড রেলষ্টেশনে অবিলম্বে ওভারব্রীজ তৈরী না করা হলে রেললাইন অবরোধ করা হবে। জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ নাগরিক কমিটির আহ্বায়ক বরুণ রায় এক বিবৃতিতে এ খবর জানিয়ে বলেছেন, তাঁরা অবরোধ কর্মসূচী গ্রহণে বাধ্য হবেন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে, বছর চারেক আগে অনুমোদনের পরও রেল কর্তৃপক্ষের টালবাহানার দরুণ এখন পর্যন্ত ওভারব্রীজটি তৈরীর কাজে হাত দেওয়া হয়নি।

## বৈষম্য না ঢিলেমি ?

নিজস্ব সংবাদদাতা : পূজোর মুখে মুর্শিদাবাদ জেলার গ্রাম প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে জামা-প্যাণ্ট ও খাতাপত্তর বণ্টন করা হলেও জঙ্গিপুরের বহু প্রাথমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীরা এই প্রাপ্য থেকে বঞ্চিত হয়েছে। তপশীল এলাকাভুক্ত স্কুলগুলিও অনেকে এই বঞ্চনার তালিকায় রয়েছে। আট মাস আগে অনুমোদিত স্কুলগুলির মধ্যে অনেকেই এ প্রাপ্য পাননি। কেউ কেউ পেয়েছেন এস আইদের সঙ্গে খাতির থাকার সুবাদে। নিয়মমত এস আই অফিস থেকে বহরমপুর পর্ষদ অফিসে তালিকা যাবে। তারই ভিত্তিতে জামা-প্যাণ্ট বণ্টন হবে। এস আই অফিস এই তালিকা পাঠাতে অযথা ঢিলেমি করেছেন বলে অভিযোগ।

## দলবদল

রঘুনাথগঞ্জ ১নং পঞ্চায়েত সমিতির জরুর গ্রাম পঞ্চায়েত সদস্য মঙ্গলচন্দ্র ঘোষসহ কয়েকজন আর এস পি কর্মী ও সমর্থক কংগ্রেস (ই) দলে যোগদান করেছেন। এ ছাড়াও সুতি ১নং পঞ্চায়েত সমিতির বহু আর এস পি ও সি পি এম দলের কর্মী কংগ্রেস (ই) দলে যোগদান করেছেন বলে জানানো হয়েছে।

## শোক সংবাদ

অরঙ্গাবাদের বিশিষ্ট সমাজসেবী ব্রজগোপাল সরকার পরলোকগমন করেছেন। তিনি ওই অঞ্চলের বিদ্যালয় ও মহাবিদ্যালয় প্রতিষ্ঠার সঙ্গে জড়িত ছিলেন। অরঙ্গাবাদ হিন্দু মিলন মন্দিরেরও অন্যতম পৃষ্ঠপোষক ছিলেন। এ ছাড়াও তিনি ছিলেন 'অরঙ্গাবাদ বার্তা' পত্রিকার প্রকাশক ও স্বত্বাধিকারী।

অনিবার্য্য কারণে প্রেস ব্যস্ত থাকায় পত্রিকা দু'পৃষ্ঠায় প্রকাশ করতে হ'ল। এর জন্য মার্জনা প্রার্থী।

—প্রকাশক, জঙ্গিপুর সংবাদ

রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৫ই কার্ত্তিক বুধবার, সন ১৩৮৭ সাল।

## বিজয়োত্তর

মহালয়ায় দেবীপক্ষ শুরু হইয়াছিল ; আজ সেই দেবীপক্ষের সমাপ্তি। ইতোমধ্যে মহিষাসুরমর্দিনী মা আবির্ভূতা হইয়াছিলেন ; তিনি 'পুনরাগমনায় চ' প্রতিশ্রুতি দিয়া বিদায় লইয়াছেন। বাঙ্গালী হিন্দুর জাতীয় জীবন কয়েকটি দিনের জন্য মাতিয়া উঠিয়াছিল—'মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ...' —সর্বত্র মধুময়তা। অভাব, দুঃখ, দৈন্য, কষ্ট—সবকে দিন কয়েকের জন্য দাবাইয়া রাখিয়া শুধু আনন্দ পাওয়া ও দেওয়ার পালা চলিয়াছিল।

মহাদেবীর প্রস্থানে বেদনাবিধুর জনচিত্ত সর্বপ্রকার দ্বেষ-হিংসা-মতান্তর-মনান্তর ভুলিয়া পরস্পর পরস্পরকে প্রীতি-আলিঙ্গনে আবদ্ধ করিয়াছে, শুভকামনা জানাইয়াছে নিকট ও দূরের আত্মবন্ধু তথা সর্বস্তরের মানুষকে। ৺বিজয়া তাই আন্তর প্রীতি বিনিময়ের উৎসব।

মহকুমার জনগণের সেবায় আমরা দীর্ঘদিন নিরত আছি। কত উত্থান-পতনের মধ্য দিয়া পত্রিকাকে চলিতে হইয়াছে। আসিয়াছে নানা বাধা, নানা ভয়। কিন্তু সবলের হুঙ্কারে অন্যায়ের কাছে নতিস্বীকার আমরা করি নাই ; স্বার্থচিন্তায় ও স্বার্থপূরণের জন্য অসত্য ও অন্যায়কে আমরা প্রশ্রয় দিই নাই। জনস্বার্থ পরিপন্থী বিষয়কে দ্বিধাহীন চিত্তে নিন্দা করিয়াছি এবং মানুষের মঙ্গলকেই তুলিয়া ধরিতে চেষ্টা করিয়াছি। আমাদের ক্ষুদ্র এই সাপ্তাহিক তাহার সাধ্যমত জনসেবা করিয়া আসিয়াছে। তাই মহকুমার সর্বস্তরের মানুষের ভালবাসা আমরা অর্জন করিতে পারিয়াছি। ইহা আত্মশ্লাঘা নহে, বরং এই চিন্তাই আমাদিগকে কর্মপথে আরও অগ্রসর হইতে প্রেরণা দান করিবে।

পুজা ও ঈদের পর আজ আমাদের পত্রিকা প্রকাশের প্রথম পর্ব বলিয়া আমরা আমাদের পাঠকবর্গ, গ্রাহক, অনুগ্রাহক, বিজ্ঞাপনদাতা, সংবাদদাতা, হিতৈষী, পৃষ্ঠপোষক এবং সকলকে ৺বিজয়া এবং ঈদের হার্দিক অভিনন্দন জানাইতেছি। দল-ধর্ম-মত নির্বিশেষে সকলের সমৃদ্ধি ও কল্যাণ কামনা করিতেছি।

## পূজো ও ঈদে শান্তি

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর মহকুমায় এবার পূজো ও ঈদের দিনগুলি শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে। পূজোর মুখে মোট ১৫ জন সমাজবিরোধীকে আটক করা হয়েছিল বলেও জানানো হয়েছে। মহকুমায় দুর্গাপুজোয় উল্লেখযোগ্য ঘটনা ঘটে রঘুনাথগঞ্জ মহাশ্মশানে। কয়েকজন আইনজীবী ও নাগরিকের চেষ্টায় সেখানে ২৭ বছর পর দুর্গাপূজোর আয়োজন করা হয় এবং মহা সমারোহে দুর্গোৎসব উদযাপিত হয়।

## ব্যবসায়ীর অঙ্গচ্ছেদ

অরঙ্গাবাদ, ২২ অকটোবর—বৃহস্পতিবার সুতি থানার হিলোড়া গ্রামে একদল কংগ্রেস (ই) সমর্থকের আক্রমণে সি পি এম সমর্থক একজন ব্যবসায়ীর অঙ্গচ্ছেদ ঘটে। ঘটনার বিবরণে জানা যায়, চাল ব্যবসায়ী নওসাদ সেখ জাজিগ্রাম থেকে ধান ভেনে আনার সময় পথেই আক্রান্ত হন। আক্রমণকারীরা ধারালো অস্ত্রের আঘাতে তাঁর ডান হাতটি কেটে নিয়ে পালিয়ে যায়। বাম হাতটিও দারুণভাবে জখম হয়। তাঁকে আশঙ্কাজনক অবস্থায় বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

## পুরস্কার বিতরণী সভা

সাগরদীঘি বালিকা বিদ্যালয়ে ৬ অক্টোবর বার্ষিক পুরস্কার বিতরণী সভা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রীরা নাটক মঞ্চস্থ ও নৃত্য গীত পরিবেশন করে। পৌরোহিত্য করেন জেলা বিদ্যালয় অবর পরিদর্শক রমাপ্রসাদ ব্যানার্জি। প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন এম এল এ মোঃ সোহরাব।

চর্ম্মরোগ সারায়
ত্বক মসৃণ করে
**চন্দ্র-মালতী**
প্রস্তুতকারক—
জুপলুনা ইণ্ডাষ্ট্রীজ
রঘুনাথগঞ্জ ( পঃ বঃ ), পিন—৭৪২২২৫

সবারে জানাই বিজয়ার
অভিনন্দন
**চা ঘর**
রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ
ফোন—৩২

## সতর্ক থাকুন

বিশেষ সতর্কীকরণ হিসাবে জনসাধারণকে জানানো যাইতেছে যে, জমি বিক্রির উদ্দেশ্যে ৺শান্তিময় রায় চৌধুরীর স্ত্রী ও ভ্রাতাগণ জঙ্গীপুর সদর হাসপাতালের পশ্চিমে বড় রাস্তার পাশে বাসুদেবপুর মৌজার খং ১২৫, ১২৬ ও ১২৭, R.S. দাগ নং ২৮১, ২৮৪, ২৮৯, ২৮৫ এবং ৩২৫ এর যে পতিত জমি তাঁহাদের সম্পূর্ণ নিজ অংশ বলিয়া প্রচার করিতেছেন তাহা সঠিক নহে। উক্ত জমির অপর মালিক শৈলেশ্বর রায় চৌধুরী ( দিং ) এর আবেদনক্রমে মহামান্য অদালত অর্ডার নং ২৯৫ তাং ২৭-৬-৭৯ এর অর্ডার নং ৩১৩ তাং ৩০-৭-৮০ বলে P.S. 25/60 মোকর্দ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ইনজাংশান আদেশ বলবৎ রাখিয়াছেন। এক্ষণে কোন প্ররোচনায় বশবর্তী হইয়া কেহ যেন উক্ত সম্পত্তি খরিদ না করেন।

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের
জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
ভারতের যে কোন স্থানে ভ্রমণের
জন্য রিজার্ভ দেওয়া হয়

সবার প্রিয় চা—
**চা ভাণ্ডার**
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—




১লা কার্ত্তিক—১৫ই কার্ত্তিক '৮৭

**ধান ঃ** দেরীতে রোয়া অধিক ফলনশীল ধানে এবং দেশী উন্নত জাতের ধানে এ সময় গন্ধীপোকা ও শীষকাটা লেদা পোকা লাগতে পারে। এ সব পোকার আক্রমণ বেশী হ'লে গত পক্ষের বিজ্ঞাপনে দেওয়া সুপারিশ অনুযায়ী ওষুধ ব্যবহার করুন।

**আলু ঃ** এ পক্ষের প্রথম সপ্তাহের মধ্যে জলদি জাতের আলু লাগানো শেষ করুন। ভালো জাত—কুফরি চন্দ্রমুখী, কুফরি অলংকার, আপ-টু ডেট। বীজ লাগবে একরে ৮ কুইন্টাল। ১০০ মি.লি জলে ২০০ গ্রাম মিথোক্সি মাকিউরিক ক্লোরাইড ( যেমন এরটান ৬, ট্যাফাসান ৬, এ্যাগালল ৬ বা এমেসান ৬ ইত্যাদি ) মিশিয়ে তাতে ১½ থেকে ২ কুইন্টাল বীজ আলু ১-২ মিনিট ডুবিয়ে রেখে পরে তুলে ছায়ায় শুকিয়ে নিন। সার লাগবে একরে ১৫-২০ গাড়ী গোবর বা কম্পোষ্ট সার, নাইট্রোজেন ৪০-৬০ কেজি, ফসফেট ৪০-৬০ কেজি, পটাশ ৪০-৬০ কেজি। সার নালিতে দিন। বীজ থেকে বীজের দূরত্ব ১৫-২০ সে.মি ( ৬-৮ ইঞ্চি ) এবং সারি থেকে সারির দূরত্ব ৪৫-৫০ সে.মি. ( ১৮-২০ ইঞ্চি ) রাখুন।

**রাই ও সরষে ঃ** এ পক্ষের প্রথম সপ্তাহের মধ্যে টোরি বি-৫৪, ও শ্বেত সরষে বি-৯ এবং দ্বিতীয় সপ্তাহের মধ্যে রাই বি ৮৫-এর বীজ বোনা শেষ করুন। বীজ লাগবে একরে ২½-৩ কেজি। প্রতি কেজি বীজে ৩ গ্রাম ব্রাসিকল-৭৫ বা ইথ ইল মার্কিউরিক ক্লোরাইড ( এগ্রোসান জি.এন ) বা ম্যাঙ্কোজেব ( ডাইথেন এম ৪৫ ) ইত্যাদির গুঁড়ো মাখিয়ে বীজ শোধন করে নিন। সার লাগবে একরে ৮-১০ গাড়ী গোবর বা কম্পোষ্ট। এ ছাড়া টোরির ক্ষেত্রে একরে ৮ কেজি নাইট্রোজেন, ৮ কেজি ফসফেট ও ৮ কেজি পটাশ এবং রাই এর ক্ষেত্রে একরে ১০ কেজি নাইট্রোজেন, ১০ কেজি ফসফেট ও ১০ কেজি পটাশ।

**অন্যান্য ফসল ঃ** এ পক্ষে নাবি ফুলকপি, জলদি ও নাবি বাঁধাকপি, শালগম, ওলকপি, মূলা, পালং, গাজর, বেগুন, টম্যাটো, লংকা ইত্যাদি সবজি এবং ধনে, মৌরী, কালজিরা ইত্যাদি মসলার চাষ শুরু করতে পারেন।

**ভারত-জার্মান সার প্রশিক্ষণ প্রকল্প**
১২বি, রাসেল স্ট্রীট, কলিকাতা-৭০০ ০৭১

Progressive/IGFEP-80/81